দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 JAN 2016
পৃষ্ঠা 24 কলাম 6

# শিক্ষকের বিরূপ মন্তব্যে পাঁচ শিক্ষার্থীর স্কুল বন্ধ

খেনকে ক্লাস চলাকালীন বলেন, ‘তোমরা অপবিত্র। তোমাদের ধর্মও অপবিত্র। তোমরা বিভিন্ন ধরনের কু-খাবার ভক্ষণ কর। তোমরা জাহান্নামবাসী।’ কোন মুসলিম ছাত্রছাত্রী কোন রাখাইন ছাত্রছাত্রীর সঙ্গে বন্ধুত্ব না করে এমন কথাও বলেন মাওলানা আফজাল। বিষয়টি প্রধান শিক্ষককেও জানানো হয় বলে মায়া তার আবেদনে উল্লেখ করেছেন।

কোন প্রতিকার না পেয়ে উপজেলা প্রশাসনের কাছে অভিযোগ দিয়েছেন। এ ব্যাপারে অভিযুক্ত ধর্মীয় শিক্ষক মাওলানা আফজাল হোসেন বলেন, ‘আমি ইসলাম ধর্মের হালাল-হারাম বিষয় পড়াচ্ছিলাম। ও (খেন খেন) যে ক্লাসে ছিল তাও খেয়াল করিনি। কাউকে ইনডিকেট করে কিছু বলা হয়নি। বিষয়টি নিয়ে রঙ দেয়া হচ্ছে বলেও তিনি পাল্টা অভিযোগ করেন।’ প্রধান শিক্ষক দেলোয়ার হোসেন জানান, এ বিষয়ে মাওলানা আফজাল হোসেনকে জিজ্ঞাসা করলে তিনি ইসলাম ধর্মের বিধানে কি কি খাওয়া হালাল ও হারাম তা পড়াচ্ছিলেন। রাখাইনদের উদ্দেশে কটাক্ষ করার বিষয়টি অস্বীকার করেছেন। বালিয়াতলী ইউনিয়নের চেয়ারম্যান ও বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি এবিএম হুমায়ুন কবির জানান, বিষয়টি তার কাছে রাখাইন অভিভাবকরা জানালে তিনি প্রধান শিক্ষককে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়েছেন। কলাপাড়া থানার ওসি জিএম শাহনেওয়াজ জানান, লিখিত অভিযোগ পেয়ে একজন এসআইকে বিষয়টি তদন্ত স্বাপেক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার নির্দেশনা দিয়েছেন।

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) দীপক কুমার রায় জানান, লিখিত অভিযোগ পেয়ে তিনি সঙ্গে সঙ্গে কলাপাড়া থানার ওসিকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশ দিয়েছেন।